**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**জাতীয় রাজস্ব বোর্ড**
**ঢাকা।**

**[ মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক ]**

**প্রজ্ঞাপন**

তারিখ: ৩০ জ্যৈষ্ঠ, ১৪২৬ বঙ্গাব্দ / ১৩ জুন, ২০১৯ খ্রিস্টাব্দ।

**এস.আর.ও. নং-১৯৬-আইন/২০১৯/৫৩-মূসক।**—মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন) এর ধারা ১৩৫, ধারা ১২৭খ এর সহিত পঠিতব্য, এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিল, যথা:

১। **সংক্ষিপ্ত শিরোনাম।**— এই বিধিমালা বাগান হইতে চা অপসারণ (বিশেষ) বিধিমালা, ২০১৯ নামে অভিহিত হইবে।

২। **সংজ্ঞা।**— বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কিছু না থাকিলে, এই বিধিমালায়-

(ক) "আইন" অর্থ মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন);

(খ) "চা বাগান" অর্থ এমন কোনো স্থান বা এলাকা যেখানে চা গাছ হইতে পাতা আহরণ করা হয়, এবং উক্ত পাতা যে কারখানায় প্রক্রিয়া করা হয় তাহাও ইহার অন্তর্ভুক্ত হইবে;

(গ) "ফরম" অর্থ এই বিধিমালার সহিত সংযোজিত ফরম;

(ঘ) "বিধিমালা" অর্থ মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক বিধিমালা, ২০১৬;

(ঙ) "বিভাগীয় কর্মকর্তা" অর্থ মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক বিধিমালা, ২০১৬ এর বিধি ২ এর উপ-বিধি (টট) এ সংজ্ঞায়িত বিভাগীয় কর্মকর্তা;

(চ) "রাজস্ব কর্মকর্তা" অর্থ স্থানীয় মূল্য সংযোজন কর কার্যালয় বা সার্কেলের দায়িত্বে নিয়োজিত রাজস্ব কর্মকর্তা।

৩। **কর আদায় পদ্ধতি।**—আইনের অধীন প্রণীত অন্য কোনো বিধিতে যাহা কিছুই থাকুক না কেন, চা বাগান হইতে অপসারিত চা-এর ক্ষেত্রে আরোপণীয় মূল্য সংযোজন কর এই বিধিমালায় বর্ণিত পদ্ধতিতে আদায় করা হইবে।

৪। **উৎপাদিত চা সংক্রান্ত তথ্য।**—চা বাগান কর্তৃপক্ষ তৎকর্তৃক উৎপাদিত অথবা বিধি ৫ এর অধীন প্রক্রিয়াকৃত চা-এর পরিমাণ, মজুদ ও সরবরাহ সংক্রান্ত যাবতীয় তথ্য হিসাব **ফরম 'চ'** তে বর্ণিত ছকে লিপিবদ্ধ করিবে এবং উহা রেজিস্টার আকারে সংরক্ষণ করিবে।

৫। **চা প্রক্রিয়াকরণ।**—(১) যে সমস্ত চা বাগানে চা প্রক্রিয়াকরণের জন্য নিজস্ব কারখানা নাই উহারা কারখানা রহিয়াছে এমন অন্য কোনো চা বাগানে চা পাতা প্রক্রিয়াকরণ করিতে পারিবে।

ইহাছাড়া, বিশেষ প্রক্রিয়ায় চা প্রস্তুতের জন্য পুনঃপ্রক্রিয়াকরণের প্রয়োজনে উক্ত চায়ের উপকরণ এক চা বাগান হইতে অন্য চা বাগানে **ফরম 'ছ'** এর মাধ্যমে স্থানান্তর করা যাইবে। এই উদ্দেশ্যে সরবরাহকারী চা বাগান কর্তৃপক্ষকে **ফরম 'ছ'** এর দুইটি অনুলিপি প্রস্তুত করিতে হইবে; মূল অনুলিপি উপকরণ পরিবহনে ব্যবহৃত যানবাহনের সহিত গ্রহণকারী চা বাগানে প্রেরণ করিতে হইবে এবং দ্বিতীয় অনুলিপি সরবরাহকারীকে চা বাগানে সংরক্ষণ করিতে হইবে।

(২) চা বাগান হইতে পণ্যাগারে প্রেরিত চা এর মান হ্রাস পাইবার কারণে, পুনঃপ্রক্রিয়ার প্রয়োজনে, চা বাগানে পুনঃপ্রেরণের কমপক্ষে ৪৮ (আটচল্লিশ) ঘণ্টা পূর্বে পণ্যাগার সংশ্লিষ্ট মূসক সার্কেলে আবেদন করিতে হইবে। রাজস্ব কর্মকর্তার অনুমোদন সাপেক্ষে **ফরম 'জ'** পূরণ করিয়া উহার চারটি অনুলিপি প্রস্তুত করিতে হইবে; মূল কপি 'চা' প্রক্রিয়ার জন্য চা বাগানে প্রেরণ, দ্বিতীয় অনুলিপি ৪৮ (আটচল্লিশ) ঘণ্টার মধ্যে সংশ্লিষ্ট মূসক সার্কেলে প্রেরণ, তৃতীয় অনুলিপি চা পরিবহনে ব্যবহৃত যানবাহনের সহিত গ্রহণকারী চা বাগানে প্রেরণ এবং চতুর্থ অনুলিপি পণ্যাগারে সংরক্ষণ করিতে হইবে।

৬। **চা অপসারণ।**—(১) মূল্য সংযোজন কর পরিশোধ ব্যতিরেকে কোনো চা বাগান হইতে চা অপসারণের পূর্বে উক্ত চা বাগান কর্তৃপক্ষকে **ফরম 'ক'** পূরণ করিয়া উহার তিনটি অনুলিপি প্রস্তুত করিতে হইবে; মূল অনুলিপিটি চা পরিবহণে ব্যবহৃত যানবাহনের সহিত পণ্যাগারে প্রেরণ করিতে হইবে, দ্বিতীয় অনুলিপিটি চা অপসারণের ৪৮ (আটচল্লিশ) ঘণ্টার মধ্যে রাজস্ব কর্মকর্তার নিকট প্রেরণ করিতে হইবে এবং তৃতীয় অনুলিপিটি সংশ্লিষ্ট চা বাগানে সংরক্ষণ করিতে হইবে। পণ্যাগার কর্তৃপক্ষকে মূল অনুলিপি প্রাপ্তির ২৪ (চব্বিশ) ঘণ্টার মধ্যে উহার সত্যায়িত ২ (দুই) টি অনুলিপির মধ্যে একটি রাজস্ব কর্মকর্তার নিকট এবং অপরটি চা বাগান সংশ্লিষ্ট রাজস্ব কর্মকর্তার নিকট প্রেরণ করিতে হইবে।

(২) উপ-বিধি (১) এ বর্ণিত চা পণ্যাগারে পৌঁছানোর পর বা উক্ত পণ্যাগার হইতে চা সরবরাহের পর পণ্যাগার কর্তৃপক্ষ **ফরম 'খ'** তে বর্ণিত ছকে চা এর বিবরণ লিপিবদ্ধ করিবেন এবং উহা রেজিস্টার আকারে সংরক্ষণ করিবেন।

৭। **চালানপত্র।**—(১) সংশ্লিষ্ট চায়ের নিলাম সম্পন্ন হওয়ার পর নিলামকারী সংস্থা বাংলাদেশের অভ্যন্তরে ভোগের জন্য সরবরাহকৃত চা-এর ক্ষেত্রে মূল্য সংযোজন করের পরিমাণ এবং রপ্তানির ক্ষেত্রে "শূন্য হার" প্রদর্শনপূর্বক **ফরম 'গ'** তে বর্ণিত ছকে ৪টি পৃথক চালানপত্র প্রস্তুত করিবে; প্রথম কপি সংশ্লিষ্ট পণ্যাগার কর্তৃপক্ষকে, দ্বিতীয় কপি উক্ত চা এর ক্রেতাকে, তৃতীয় কপি উক্ত ক্রেতার স্থানীয় মূল্য সংযোজন কর কার্যালয়ে এবং চতুর্থ কপি নিলামকারী সংস্থা সংরক্ষণ করিবে।

(২) রপ্তানির নিমিত্তে পণ্যাগার হইতে চা অপসারণের ক্ষেত্রে আইনের ধারা ২৩ এ বর্ণিত পদ্ধতি প্রযোজ্য হইবে।

(৩) বাংলাদেশের অভ্যন্তরে ভোগের নিমিত্ত চা সরবরাহের ক্ষেত্রে আইনের ধারা ১৫, ৫১ এবং মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক বিধিমালা, ২০১৬ এর বিধি ৪০ এ বর্ণিত পদ্ধতি প্রযোজ্য হইবে।

৮। **রপ্তানিকারকের করণীয়।**—(১) পণ্যাগার হইতে রপ্তানির উদ্দেশ্যে চা গ্রহণ করিবার পর রপ্তানিকারক তাহার নিজস্ব পণ্যাগারে **ফরম 'খ'** তে বর্ণিত ছকে চা এর বিবরণ লিপিবদ্ধ করিবেন এবং উহা রেজিস্টার আকারে সংরক্ষণ করিবেন।

(২) রপ্তানির উদ্দেশ্যে ক্রয়কৃত চা রপ্তানিকারক গ্রহণ করিবার তারিখ হইতে ১৮০ (একশত আশি) দিনের মধ্যে রপ্তানি করিবেন অথবা অন্যকোনো নিবন্ধিত রপ্তানিকারকের নিকট **ফরম 'ঘ'** এর মাধ্যমে হস্তান্তর করিতে পারিবেন। উক্তরূপ হস্তান্তরিত চা হস্তান্তর গ্রহণকারী রপ্তানিকারক তাহার পণ্যাগারে নেওয়ার পূর্বে বিভাগীয় কর্মকর্তার নিকট এক্সপোর্ট এলসি, টিটি অথবা বাংলাদেশ ব্যাংক কর্তৃক অনুমোদিত অন্য কোনো ডকুমেন্টসহ আবেদন করিবেন। বিভাগীয় কর্মকর্তা উক্ত আবেদনপত্রে সরবরাহকৃত তথ্য পরীক্ষা করিয়া সন্তুষ্ট হইলে উক্ত চা শূন্যহারে স্থানান্তরের আদেশ প্রদান করিবেন এবং উল্লিখিত হস্তান্তর গ্রহণকারী রপ্তানিকারক উক্ত চা গ্রহণ করিবার তারিখ হইতে ১৮০ (একশত আশি) দিনের মধ্যে রপ্তানি করিবেন।

(৩) রপ্তানির উদ্দেশ্যে ক্রয়কৃত চা রপ্তানিকারক গ্রহণ করিবার তারিখ হইতে ১৮০ (একশত আশি) দিনের মধ্যে রপ্তানি করিতে অথবা অন্যকোনো নিবন্ধিত রপ্তানিকারকের নিকট হস্তান্তর করিতে ব্যর্থ হইলে তিনি উক্ত চা পুনরায় নিলামের মাধ্যমে বিক্রয় অথবা বাংলাদেশের অভ্যন্তরে তৎকালীন সময়ের মূল্য অনুযায়ী মূল্য সংযোজন কর পরিশোধক্রমে আইনের ধারা ৩২ অনুযায়ী ন্যায্য বাজারমূল্যের উপর মূসক পরিশোধ করিয়া সরবরাহ করিতে পারিবেন।

৯। **নমুনা চা।**—বিভিন্ন পণ্যাগার হইতে নিলাম ডাকের উদ্দেশ্যে নমুনা চা মূল্য সংযোজন কর প্রদান ব্যতিরেকে সরবরাহ করা যাইবে এবং উক্ত নমুনা চা-এর মূল্য সংযোজন কর নিলামকৃত চায়ের মূল্য সংযোজন করের সহিত আদায়যোগ্য হইবে;

তবে শর্ত থাকে যে, নমুনা চা-এর পরিমাণ সর্বমোট চা এর ০.৬ (দশমিক ছয়) শতাংশের অধিক হইবে না।

১০। **প্যাকেটজাত চা।**—যে ক্ষেত্রে নিলামকৃত চা প্যাকেটজাত করিয়া বাংলাদেশের অভ্যন্তরে ভোগের জন্য সরবরাহ করা হয় সেই ক্ষেত্রে উক্ত চায়ের উপর আইনের ধারা ৩২ অনুযায়ী ন্যায্য বাজারমূল্যের উপর প্রযোজ্য মূসক পরিশোধ করিতে হইবে।

১১। **হিসাবরক্ষণ ও দাখিলপত্র প্রদান।**—(১) চা বাগান কর্তৃপক্ষ, পণ্যাগার কর্তৃপক্ষ, রপ্তানিকারক এবং নিলামকারী সংস্থা কর্তৃক হিসাবরক্ষণ ও দাখিলপত্র প্রদানের ক্ষেত্রে আইনের ধারা ৫১, ৫২, ৫৩, ৫৪ ও ৬৪ এবং মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক বিধিমালা, ২০১৬ এর বিধি ৪০ ও ৪৭ এর বিধানসমূহ প্রযোজ্য হইবে।

(২) পণ্যাগার কর্তৃপক্ষ বা রপ্তানিকারক শূন্যহারে মূল্য সংযোজন করের বিনিময়ে প্রাপ্ত ও সরবরাহকৃত চা-এর একটি মাসিক বিবরণী **ফরম 'ঙ'** এর মাধ্যমে পরবর্তী মাসের বিশ তারিখের মধ্যে রাজস্ব কর্মকর্তার নিকট দাখিল করিবে এবং রাজস্ব কর্মকর্তা উক্ত বিবরণী ও তৎসংশ্লিষ্ট দলিলপত্র যাচাইপূর্বক উক্ত চা প্রেরণ ও গ্রহণের সত্যতা সম্পর্কে একটি প্রত্যয়নপত্র সংশ্লিষ্ট চা বাগান কর্তৃপক্ষের এলাকার মূল্য সংযোজন কর কার্যালয়ে প্রেরণ করিবেন।

১২। **মজুদ যাচাই।**— বিভাগীয় কর্মকর্তা প্রতি বৎসর একবার প্রত্যেকটি পণ্যাগার পরিদর্শন করিবেন এবং তৎসংক্রান্ত একটি প্রতিবেদন তৈরি করিয়া উহার অনুলিপি সংশ্লিষ্ট কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট এবং পণ্যাগার কর্তৃপক্ষকে প্রদান করিবেন।

১৩। **কর পরিশোধ।**— (১) বিধিমালার বিধি ৪০ অনুসারে পণ্যাগার কর্তৃপক্ষ হিসাব সংরক্ষণ করিবে এবং আইনের ধারা ৪৫ ও বিধিমালার বিধি ২৫ এর বিধান অনুসরণ করিয়া মূসক পরিশোধ করিবেন।

(২) চা বাগান হইতে সরাসরি ভোগের জন্য সরবরাহকৃত চা-এর প্রদেয় মূল্য সংযোজন কর পরিশোধের ক্ষেত্রে চা বাগান কর্তৃপক্ষকে উপ-বিধি (১) এ বর্ণিত পদ্ধতি অনুসরণ করিতে হইবে।

১৪। **কর রেয়াত ও সমন্বয়।**—(১) বাংলাদেশের অভ্যন্তরে ভোগের জন্য সরবরাহকৃত চা-এর ক্ষেত্রে আইনের ধারা ৪৬ অনুযায়ী উপকরণ কর রেয়াত গ্রহণ করা যাইবে।

(২) রপ্তানিকৃত চা-এর ক্ষেত্রে উপকরণ কর আইনের ধারা ৬৮ এর শর্তাদি পূরণ সাপেক্ষে সমন্বয় গ্রহণ করা যাইবে।

(৩) চা বাগান তৎকর্তৃক তাহাদের ক্রয়কৃত উপকরণের উপর প্রদত্ত মূল্য সংযোজন কর এর রেয়াত গ্রহণ করিতে পারিবে। প্রতি কর মেয়াদে চা বাগান কর্তৃপক্ষ তৎকর্তৃক ক্রীত উপকরণের উপর প্রদত্ত মূল্য সংযোজন কর সম্পর্কিত একটি সংক্ষিপ্ত বিবরণী প্রণয়নপূর্বক উহা চা বাগানের সংশ্লিষ্ট পণ্যাগারের নিকট প্রেরণ করিবে এবং উহার একটি কপি সংশ্লিষ্ট সার্কেল রাজস্ব কর্মকর্তার নিকট প্রেরণ করিবে। উক্ত বিবরণীর সহিত আইনের ধারা ৫১ ও বিধিমালার বিধি ৪০ এর শর্তানুযায়ী চালানপত্র বা ক্ষেত্রমত, যথাযথ বিল অব এন্ট্রির কপি সংযুক্ত করিতে হইবে। নিলামকৃত চায়ের যে অংশ স্থানীয়ভাবে সরবরাহ করা হইবে উহার উপর পণ্যাগার কর্তৃপক্ষ কর্তৃক প্রদেয় করের বিপরীতে চা বাগান কর্তৃপক্ষ উল্লিখিত বিবরণীতে বর্ণিত মূল্য সংযোজন করের পরিমাণ হ্রাসকারী সমন্বয় সাধন করিতে পারিবে। উক্তরূপ সমন্বয়কৃত অর্থ পণ্যাগার কর্তৃপক্ষ উহার দাখিলপত্রে উল্লেখ করিবে। কোনো সুনির্দিষ্ট কর মেয়াদে চা বাগানের উপকরণ কর সমন্বয়ের সুযোগ না থাকিলে আইনের ধারা ৪৬(৬) অনুসারে পরবর্তী দুই কর মেয়াদে চা বাগান কর্তৃক প্রাপ্য ঐরূপ রেয়াত সুবিধা পণ্যাগার কর্তৃপক্ষ সমন্বয় সাধন করিতে পারিবে।

১৫। **জরিমানা।**— এই বিধিমালার কোনো বিধান লঙ্ঘন করিবার ক্ষেত্রে আইনের ধারা ৮৫ অনুযায়ী জরিমানা আরোপ করা যাইবে।

**ফরম ‘ক’**

## চা বাগান হইতে পণ্যাগারে চা অপসারণের অবগতিপত্র

[বিধি ৬(১) দ্রষ্টব্য}

চা বাগানের নাম :

নিবন্ধন নং :

ঠিকানা :

এলাকা কোড :

ক্রমিক নং : ইস্যুর তারিখ :

পণ্যাগারের নাম : যানবাহনের ধরণ ও সংখ্যা :

নিবন্ধন তাং : নিবন্ধন নং :

পরিবহনের তারিখ:

| **ক্রমিক নং** | **মোড়কের বর্ণনা ও সংখ্যা** | **চা-এর বর্ণনা** | **চা-এর পরিমাণ** | | **মন্তব্য** |
|---|---|---|---|---|---|
| | | | **গ্রস** | **নীট** | |
| **(১)** | **(২)** | **(৩)** | **(৪)** | **(৫)** | **(৬)** |
| | | | | | |

আমি ঘোষণা করিতেছি, ওপরে বর্ণিত সকল তথ্যাদি সঠিক ও সত্য।

তাং-

-----------------------------

**চা বাগান কর্তৃপক্ষের স্বাক্ষর,**
**নাম ও পদবী**

**“ফরম-খ”**

## মূল্য সংযোজন কর পরিশোধ ব্যতীত প্রাপ্ত চা ওয়ার হাউজিং রেজিস্টার

[বিধি ৬(২) ও ৮(১) দ্রষ্টব্য]

পণ্যাগারের নাম ও ঠিকানা : এলাকা কোড :

নিবন্ধন নং :

| **প্রাপ্তি খতিয়ান** | | | | | | | | **সরবরাহের খতিয়ান** | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ক্রমিক নং | প্রারম্ভিক মজুদ | পণ্যাগারে চা আগমনের তারিখ | অবগতি পত্রের নং ও তারিখ | চা বাগানের নাম ও নিবন্ধন নং | মোড়কের সংখ্যা | চা এর বর্ণনা ও পরিমাণ | | পণ্যাগার হইতে চা সরবরাহের তারিখ | চালান পত্র নং | মোড়কের সংখ্যা | চা-এর বর্ণনা ও পরিমাণ | | মোট মূল্য | মূল্য সংযোজন করের মোট পরিমাণ | সমাপনী মজুদ | **ফরম ‘গ’** এর ক্রমিক নং ও তারিখ |
| | | | | | | গ্রস | নীট | | | | গ্রস | নীট | | | | |
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | | (৮) | (৯) | (১০) | (১১) | | (১২) | (১৩) | (১৪) | (১৫) |
| | | | | | | | | | | | | | | | | |

পণ্যাগার কর্তৃপক্ষের স্বাক্ষর

নাম :

পদবি :

ফরম-‘গ’

**বিশেষ চালানপত্র (চা)**

[বিধি ৭(১) দ্রষ্টব্য]

নিলামকারীর নাম :

ঠিকানা :

নিবন্ধন নং :

ক্রেতার নাম: ক্রমিক নং :

ঠিকানা: তারিখ :

নিবন্ধন নং: সময় :

| লট নং | মার্কস | গ্রেড | চেস্টের সংখ্যা | ওজন | | মূল্য [প্রতি কেজি] | মোট মূল্য | প্রদেয় মূল্য সংযোজন কর | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | গ্রস | নীট | | | | |
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) | (৯) | (১০) |
| | | | | | | | | | |

নিলামকারীর স্বাক্ষর
নাম:
পদবী:

**ফরম-'ঘ'**

**বিশেষ সহায়ক চালানপত্র**

[বিধি ৮(২) দ্রষ্টব্য]

(কেবলমাত্র রপ্তানির ক্ষেত্রে প্রযোজ্য)

সরবরাহকারী পণ্যাগারের নাম :

নিবন্ধন নং :

এলাকা কোড :

ক্রেতার নাম :

নিবন্ধন নং :

চালানপত্রের ক্রমিক :

চালানপত্রের তারিখ ও সময় :

যানবাহনের ধরন ও নম্বর :

| ক্রমিক নং | মার্কা ও নম্বর গ্রেড | গ্রেড | চেস্টের সংখ্যা | ওজন | | মোট মূল্য (Hammer Price) | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| | | | | গ্রস | নীট | | |
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) |
| | | | | | | | |

সরবরাহকারী পণ্যাগার কর্তৃপক্ষের স্বাক্ষর

নাম :

পদবি :

**ফরম-৬**

## মূল্য সংযোজন কর পরিশোধ ব্যতীত প্রাপ্ত ও সরবরাহকৃত চা-এর মাসিক বিবরণী

[বিধি ১১(২) দ্রষ্টব্য]

পণ্যাগারের নাম ও ঠিকানা : এলাকা কোড :

নিবন্ধন নং :

মাসের নাম : বৎসর

| ক্রমিক নং | প্রাপ্তির খতিয়ান | | | | | | | সরবরাহের খতিয়ান | | | | | | | | | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | প্রারম্ভিক মজুদ | অবগতিপত্র/ বিশেষ সহায়ক চালান পত্রের নং ও তারিখ | চা সরবরাহকারীর নাম, ঠিকানা ও নিবন্ধন নং | মোড়কের সংখ্যা | চা এর পরিমাণ | | মোট মূল্য | বিশেষ সহায়ক চালান পত্রের নং ও তারিখ | ক্রেতার নাম, ঠিকানা ও নিবন্ধন নং | মোড়কের সংখ্যা | চা এর পরিমাণ | | মোট মূল্য | মূসক চালানের মাধ্যমে সরবরাহকৃত চা-এর পরিমাণ | মোট মূল্য | মূল্য সংযোজন করের পরিমাণ | |
| | | | | | গ্রস | নীট | | | | | গ্রস | নীট | | | | | |
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) | (৯) | (১০) | (১১) | (১২) | (১৩) | (১৪) | (১৫) | (১৬) | (১৭) | (১৮) |
| | | | | | | | | | | | | | | | | | |

পণ্যাগার কর্তৃপক্ষের স্বাক্ষর

নাম

**ফরম-চ**

## চা বাগান কর্তৃক চা-এর উৎপাদন ও মজুদ বিবরণী

[বিধি ৪ দ্রষ্টব্য]

| তারিখ | প্রারম্ভিক জের | উৎপাদিত নিজস্ব চা এর পরিমাণ | অন্যের চা পাতা দ্বারা উৎপাদিত চা-এর পরিমাণ | অন্যের উপকরণ দ্বারা পুনঃ প্রক্রিয়াজাত চা-এর পরিমাণ | মোট চা এর পরিমাণ | অবগতি পত্রের মাধ্যমে সরবরাহকৃত চা এর পরিমাণ | | স্থানীয়ভাবে সরবরাহকৃত চা এর পরিমাণ | | মোট সরবরাহের পরিমাণ | আর্দ্রতা লাভ | সমাপনী মজুদ | স্বাক্ষর | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | মোড়ক | কেজি | (ক) মোড়ক | (খ) কেজি | | | | | |
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | | (৮) | | (৯) | (১০) | (১১) | (১২) | |
| | | | | | | | | | | | | | | |
| | | | | | | | | | | | | | | |

**ফরম-ছ**

## চা বাগান হইতে পুনঃপ্রক্রিয়াকরণের উদ্দেশ্যে প্রেরিত উপকরণ-এর চালানপত্র

[বিধি ৫ দ্রষ্টব্য]

চা বাগানের নাম :
নিবন্ধন নং :
এলাকা কোড :

প্রাপকের চা বাগানের নাম : ইস্যুর তারিখ :
ঠিকানা :
যানবাহনের ধরন ও সংখ্যা :
নিবন্ধন নং :
পরিবহনের তারিখ :

| ক্রমিক নং | তারিখ | মূসক পরিশোধবিহীন প্রেরিত চা- এর বিবরণ ও মোড়কের সংখ্যা | পুনঃপ্রক্রিয়াকরণের জন্য প্রেরিত উপকরণ-এর পরিমাণ | | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| | | | (ক) গ্রস | (খ) নীট | |
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) |
| | | | | | |

প্রেরণকারী চা বাগান কর্তৃপক্ষের স্বাক্ষর
নাম:
পদবি:

**ফরম 'জ'**

(বিধি-৫ দ্রষ্টব্য)

**পণ্যাগারে গৃহীত চা এর গুণগতমান নষ্ট হওয়ার কারণে বা কমিয়া যাইবার কারণে পণ্যাগার হইতে পুনঃপ্রক্রিয়াকরণ বা রিফাইনারি এর জন্য সংশ্লিষ্ট চা বাগানে ফেরত পাঠাইবার চালানপত্র।**

পণ্যাগারের নাম:
নিবন্ধন নং :
এলাকা কোড:
ইস্যুর তারিখ:

সংশ্লিষ্ট চা বাগানের নাম:
ঠিকানা :
যানবাহনের ধরণ ও সংখ্যা :
নিবন্ধন নং:
পরিবহনের তারিখ:

| ক্রমিক নং | তারিখ | অবগতিপত্র (ফরম-ক) এর নম্বর ও তারিখ | পুনঃপ্রক্রিয়াকরণ বা রিফাইনারি এর জন্য ফেরত দেওয়া চা এর পরিমাণ | | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| | | | (ক) গ্রস | (খ) নীট | |
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) |
| | | | | | |

প্রেরণকারী চা বাগান কর্তৃপক্ষের স্বাক্ষর
নাম :
পদবি :

**জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,**

**(মোঃ তারেক হাসান)**
দ্বিতীয় সচিব (মূসক নীতি)